সমকাল

23 OCT 2016

পৃঃ … কলাম …

# অধ্যক্ষের কুপ্রস্তাবে রাজি না হওয়ায় বরখাস্তের অভিযোগ

■ রূপগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে অধ্যক্ষের কুপ্রস্তাবে রাজি না হওয়ায় এক শিক্ষিকাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। অভিযুক্ত নজিবুর রহমান উপজেলার কায়েতপাড়া ইউনিয়নের চনপাড়া পুনর্বাসন কেন্দ্র এলাকার নবকিশলয় স্কুল অ্যান্ড গার্লস কলেজের অধ্যক্ষ। শ্লীলতাহানির চেষ্টার অভিযোগে তার বিরুদ্ধে গত শুক্রবার থানায় লিখিত অভিযোগ করেছেন ভুক্তভোগী ওই শিক্ষিকা। এ ঘটনার বিচার দাবি ও চাকরি ফিরে পেতে আত্মহত্যার হুমকি দিয়েছেন তিনি।

ওই শিক্ষিকা জানান, ২০০৩ সাল থেকে তিনি নবকিশলয় স্কুল অ্যান্ড গার্লস কলেজে দায়িত্ব পালন করছিলেন। দীর্ঘদিন ধরে তাকে কুপ্রস্তাব দিয়ে আসছিলেন অধ্যক্ষ নজিবুর রহমান। এতে রাজি না হওয়ায় তার বেতনসহ বিভিন্ন সুযোগ-সুবিধা বন্ধ করে দেন অধ্যক্ষ। এসব বিষয় তিনি কলেজের অন্য শিক্ষক-শিক্ষিকাকে জানালে অধ্যক্ষ আরও ক্ষিপ্ত হয়ে ওঠেন। এক পর্যায়ে গত জানুয়ারিতে তাকে অন্যায়ভাবে বরখাস্ত করা হয়। এরপর ১৩ জানুয়ারি বিকেলে অফিস কক্ষে ডেকে নিয়ে তার শ্লীলতাহানির চেষ্টা করেন অধ্যক্ষ। এরপর ১৭ জানুয়ারি নজিবুর রহমানের বিরুদ্ধে কলেজ পরিচালনা কমিটির সভাপতিসহ শিক্ষামন্ত্রী ও শিক্ষা অধিদপ্তরে লিখিতভাবে অভিযোগ করেন ওই শিক্ষিকা। তিনি জানান, ১৮ অক্টোবর বিকেলে বিশেষ প্রয়োজনে তিনি কলেজে এলে নজিবুর রহমান তাকে একটি কক্ষে আটকে আবারও শ্লীলতাহানির চেষ্টা করেন। এ সময় তিনি ধস্তাধস্তি করে পালিয়ে আসেন এবং শুক্রবার রূপগঞ্জ থানায় অভিযোগ করেন।

**আত্মহত্যার হুমকি শিক্ষিকার**

এ বিষয়ে অধ্যক্ষ নজিবুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, তার বিরুদ্ধে আনা অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট।

রূপগঞ্জ থানার ওসি ইসমাইল হোসেন বলেন, এ ধরনের ঘটনার একটি অভিযোগ পেয়েছি। তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।